# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৮৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. প্রথম অনুচ্ছেদ - সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সালাত

بَابُ صَلَاةِ الْخُسُوْفِ

## আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: انْكَسَفَتِ الشَّمْسُ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ مَاتَ إِبْرَاهِيمُ ابْنُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى بِالنَّاسِ سِتَّ رَكَعَاتٍ بِأَرْبَعِ سَجَدَاتٍ. رَوَاهُ مُسلم

## বাংলা

১৪৮৫-[৬] জাবির (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবদ্দশায় যেদিন তাঁর ছেলে ইব্রাহীমের ইন্তিকাল হলো এদিন সূর্যগ্রহণ হলো। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনগণকে নিয়ে ’ছয় রুকূ’ ও চার সাজদায় সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করালেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৯০৪, ইরওয়া ৬৫৬, ৬৫৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَاتَ إِبْرَاهِيْمُ ابْنُ رَسُولُ اللّٰهِ ﷺ)রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ছেলে ইব্রাহীম মারা গেছেন। তার মা মারিয়্যাহ্ কিবতিয়্যাহ্ সারিয়্যাহ্ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপপত্মী বা রক্ষিতা ছিলেন যাকে মুক্বাওক্বিস ইসকান্দার ও মিসরের অধিপতি উপঢৌকন দিয়েছিলেন। আর তিনি (ইব্রাহীম) জন্মগ্রহণ করেছিলেন ৮ম হিজরীর যিলহাজ্জ মাসে মৃত্যুবরণ করেন ১৬ মাস বয়সে অথবা ১৭/১৮ মাস বয়সে। তবে এ বিষয়ে গবেষণা করে মরহুম মাহমূদ বাশা আল কুলকী বলেন, সূর্যগ্রহণের দিন মারা গেছে ইব্রাহীম যা সংঘটিত হয়েছিল দশম হিজরীর ২৯শে শাও্ওয়াল সোমবার সকাল ৮টা ৩০মিনিটে। ৬৩২ খৃঃ ২৭ জানুয়ারী মোতাবেক মদীনাতে। তার জন্ম নবম হিজরীর জামাদিউল উলা মাসে সে হিসেবে মৃত্যু ১৮ মাস অথবা ১৭ মাস বয়সে।

(بِأَرْبَعِ سَجَدَاتٍ)চার সিজদা (সিজদা/সেজদা) তথা দু’ রাক্‘আতে। সুতরাং প্রতি রাক্‘আতে তিন রুকূ' ও দু’ সিজদা্ (সিজদা/সেজদা)। ত্বীবী বলেন, তিনি দু’ রাক্‘আত আদায় করেছেন প্রতি রাক্‘আতে তিনটি করে রুকূ' ছিল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56045

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন